নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২৬১ ১১ সেপ্টেম্বর ২০২৫

## সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে 'লাইন ফলোয়িং রোবট অবস্ট্যাকল এভয়েডিং রোবট' শীর্ষক কর্মশালা

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মেকাট্রনিক্স ক্লাবের উদ্যোগে শিক্ষার্থীদের অংশগ্রহণে 'লাইন ফলোয়িং রোবট (এলএফআর) অবস্ট্যাকল এভয়েডিং রোবট' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, তথ্য প্রযুক্তির এই যুগে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, ডাটা সায়েন্স এ বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে তোমরা যে প্রোগ্রামগুলো আয়োজন করছো সেজন্য তোমাদেরকে ধন্যবাদ। রোবট আমাদের কাজকে সহজ করে দেয় ঠিকই, কিন্তু রোবট তৈরি এবং এর প্রোগ্রামিং আমাদেরই করতে হয়। এ সময় তিনি বলেন, নোবিপ্রবি আইসিটি সেলের কার্যক্রমে গতিশীলতা আনার জন্য আমরা বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছি। সফটওয়্যার, অটোমেশন এন্ড সফটওয়্যার, হার্ডওয়্যার, নেটওয়ার্কিং ও সাইবার সিকিউরিটি এ পাঁচটি নতুন উইং এর মাধ্যমে আইসিটি সেলের কর্মপরিধি বৃদ্ধি করা হয়েছে। সময়ের সাথে তাল মিলিয়ে আমরা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স কিংবা আইসিটিতে আরো বেশি এগিয়ে যাবো এই আশাবাদ ব্যক্ত করছি। আমাদের সীমাবদ্ধতা রয়েছে কিন্তু আমাদের আগ্রহ এবং প্রচেষ্টার যেনো কোনো ঘাটতি না থাকে।

উপাচার্য আরও বলেন, আমরা গ্র্যাজুয়েটদের দক্ষ মানবশক্তি হিসেবে তৈরি করতে চাই। সে ক্ষেত্রে যতো ধরনের সহযোগিতা প্রয়োজন আমরা তা করবো।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথির বক্তব্য রাখেন নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক। কর্মশালায় স্পিকার হিসেবে ছিলেন রোবো ক্যাম্পাস বাংলাদেশের ফাউন্ডার এন্ড সিইও মো. তানিম হোসেন এবং রুয়েট ব্রাঞ্চ এর ইইই রুয়েট এম্বাসেডর গৌর রায়। প্রোগ্রাম মডারেটর হিসেবে ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক (কিউএ) অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদ।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪